

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৪১

কুমারঘাট, ৩ অক্টোবর, ২০২৪

কুমারঘাটে গান্ধীজয়ন্তী উদযাপিত

জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী গতকাল কুমারঘাট মহকুমায় উদযাপন করা হয়। কুমারঘাট বিদ্যালয় পরিদর্শক কার্যালয় প্রাঙ্গণে এই অনুষ্ঠান আয়োজন করে কুমারঘাট মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়। মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে মাল্যদান করে অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক ভগবান চন্দ্র দাস। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমা, বিশিষ্ট শিক্ষক রবীন্দ্র সিনহা প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস ও স্বাগত বক্তব্য রাখেন বরিষ্ঠ তথ্য আধিকারিক সুভাশিস সেনগুপ্ত। অনুষ্ঠান শেষে কুমারঘাট পুর পরিষদের উদ্যোগে একটি স্বচ্ছতা অভিযান এবং স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়।
